গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রনালয়
পরিকল্পনা শাখা-৮

তারিখঃ ১৪-০৮-২০১৪ ইং

স্মারক নং ঃ ১২.০৯০.০০৬.০০.০০.০১.২০১২(পার্ট-১)-৫৭

**বিষয় ঃ কৃষি মন্ত্রণালয়ের আওতায় ২০১৩-১৪ অর্থ বছরের আরএডিপিভুক্ত প্রকল্প এবং কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতি (জুন, ২০১৪) পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গত ২৭-০৭-২০১৪ তারিখে কৃষি মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন ২০১৩-১৪ অর্থ বছরের আরএডিপিভুক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির (জুন, ২০১৪) উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্সংগে প্রেরণ করা হলো।

০২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন জরুরী ভিত্তিতে মন্ত্রণালয়ে হার্ড কপি ও সফ্ট কপি (ই-মেইলঃ **plan8moa@gmail.com)** বরাবরে আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪/০৮/১৪
(খন্দকার মুদাচ্ছির বিন আলী)
সহকারী প্রধান
ই-মেইল- plan8moa@gmail.com
ফোনঃ ৯৫৫২৮৬৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা (দৃঃ আঃ পরিচালক-৪)।
২. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃঃ আঃ সিঃ সহঃ সচিব, বাজেট শাখা-২০)
৪. সচিব, আইএমইডি, শেরে বাংলানগর, ঢাকা।
৫. মহাপরিচালক (বীজ) ও অতিরিক্ত সচিব, কৃষি মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ/পিপিসি/ বাজেট ও মনিটরিং /নিরীক্ষা) কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা।
৮. প্রধান (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৯. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
১০. নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, উপশহর, রাজশাহী।
১১. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
১২. মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
১৩. মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
১৪. মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, পোঃ বক্স নং-৪, ময়মনসিংহ।
১৫. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এ্যাভিনিউ, ঢাকা-১২০৭।
১৬. মহাপরিচালক, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনষ্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।
১৭. প্রধান প্রকৌশলী, এলজিইডি, এলজিইডি ভবন, আগারগাঁও, ঢাকা। (দৃঃ আঃ প্রকল্প পরিচালক, খাদ্য নিরাপত্তা বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও মাঝারী নদীতে রাবার ড্যাম নির্মাণ প্রকল্প/বৃহত্তর রংপুর কৃষি ও গ্রামীণ উন্নয়ন প্রকল্প)
১৮. যুগ্ম সচিব (গবেষণা/সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. যুগ্ম প্রধান (ফসল/সেচ উইং), পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
২০. নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা।
২১. উপ সচিব (প্রশাসন-৪/ পিপিবি/আইন অধিশাখা), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২. পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন প্রতিষ্ঠান, খামারবাড়ী, ঢাকা।
২৩. পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
২৪. পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ী, ঢাকা।
২৫. নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি ও মানব সম্পদ উন্নয়ন বোর্ড , সেচ ভবন, মানিক মিয়া এভিনিউ, ঢাকা।
২৬. পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, জয়দেবপুর, গাজীপুর।
২৭. ব্যবস্থাপনা পরিচালক, হরটেক্স ফাউন্ডেশন, সেচ ভবন, মানিক মিয়া এভিনিউ, ঢাকা
২৮. প্রকল্প পরিচালক, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনলোজী প্রজেক্ট, পিসিইউ অংগ, বিএআরসি, ফার্মগেট, ঢাকা
২৯. প্রকল্প পরিচালক, ইন্টিগ্রেটেড এগ্রিকালচারাল প্রোডাক্টিভিটি প্রজেক্ট, সেচ ভবন, মানিক মিয়া এভিনিউ, ঢাকা।
৩০. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা ।

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান (সকল)----------------------কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৫। যুগ্ম প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। উপ প্রধান-১/উপ প্রধান-২ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

E:\ADP Review meeting 2013\Forwarding\Lested Forwarding.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-৮
===============

**বিষয়ঃ ২০১৩-১৪ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে (আরএডিপি) অন্তর্ভুক্ত কৃষি মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ২৭/০৭/২০১৪ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (জুন, ২০১৪ সময়ে) সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভার তারিখ | ঃ | ২৭/০৭/২০১৪ |
| সময় | ঃ | সকাল ১০.৩০ ঘটিকা। |
| স্থান | ঃ | সম্মেলন কক্ষ, কৃষি মন্ত্রণালয় |
| সভাপতি | ঃ | মতিয়া চৌধুরী<br>মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় |
| উপস্থিত কর্মকর্তাবৃন্দ | ঃ | পরিশিষ্ট "ক" |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপ-প্রধান-২ আরএডিপি বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে উপস্থাপন করেন। সভার শুরুতে গত ২৯/০৬/২০১৪ তারিখে অনুষ্ঠিত মে, ২০১৪ সময়ের আরএডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য উপস্থাপন করা হয়। কার্যবিবরণীর উপর কোন সংশোধন প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি নিশ্চিত করা হয়।

২। **আলোচনাঃ**

**আলোচ্য বিষয়-২ ঃ** ২০১৩-১৪ অর্থ বছরের আরএডিপিভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা

২.১ সভাকে অবহিত করা হয় যে, কৃষি মন্ত্রণালয়ের আওতায় ২০১৩-১৪ অর্থ বছরের আরএডিপিতে নতুন অন্তর্ভুক্ত ১৯টি প্রকল্পসহ ৮১টি প্রকল্পের (বিনিয়োগ ৭০টি +কারিগরী ৭টি +জেডিসিএফ অর্থায়িত ৪টি ) অনুকূলে মোট ১৩৩৫.৯১কোটি টাকা [(জিওবি ১০০৭.৬১ কোটি টাকা (৭৫%) এবং প্রকল্প সাহায্য ৩২৮.৩০ কোটি টাকা (২৫%)] বরাদ্দের বিপরীতে জুন, ২০১৪ পর্যন্ত ব্যয় হয়েছে মোট ১৩২৪.৫১ কোটি টাকা যা মোট বরাদ্দের ৯৯.১৫%। এর মধ্যে জিওবি খাতে ব্যয় হয়েছে ১০০৩.১৯ কোটি টাকা যা মোট জিওবি বরাদ্দের ৯৯.৬% এবং প্রকল্প সাহায্য খাতে ব্যয় হয়েছে ৩২১.৩২ কোটি টাকা যা মোট প্রকল্প সাহায্য বরাদ্দের ৯৭.৯%। গত ২০১২-১৩ অর্থ বছরের একই সময়ে মন্ত্রণালয়ের আরএডিপিতে বাস্তবায়ন অগ্রগতি ছিল ৯৬.৭%। চলতি অর্থবছরে জুন, ২০১৪ পর্যন্ত আরএডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পের জাতীয় গড় অগ্রগতি ৯৫%। উল্লেখ্য যে, এ অর্থবছরের এডিপি বরাদ্দ ছিল ১২৮৯.৩৭ কোটি টাকা (জিওবি ৯৫৬.৮৫ কোটি টাকা এবং প্রকল্প সাহায্য ৩৩২.৫২ কোটি টাকা)। আরএডিপিতে জিওবি বরাদ্দ ৫০.৭৬ কোটি টাকা (৫.৩%) বৃদ্ধি পেলেও প্রকল্প সাহায্য হ্রাস পেয়েছে ৪.২২ কোটি টাকা (১.২৬%) । আরএডিপিতে নিট বরাদ্দ বৃদ্ধি পেয়েছে ৪৬.৫৪ কোটি টাকা (৩.৬%)। প্রথমবারের মত কৃষি মন্ত্রণালয়ের আরএডিপি বাস্তবায়ন অগ্রগতি ৯৯% অতিক্রম করায় সভাপতি সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন।

২.২ সভায় সংস্থাওয়ারী আরএডিপি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। এ প্রসংগে সভাকে জানানো হয় যে, জুন, ১৪ পর্যন্ত সংস্থাসমূহের প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি ডিএই ৯৮.৪৭%, বিএডিসি ৯৯.৭৩%, বারি ৯৮.৪০%, বিএমডিএ ১০০%, ডিএএম ৯৯.৭২%, বিএআরসি ৯৬.৪৮%, এসআরডিআই ৯৯.৬৭%, বিজেআরআই ৯৯.৮৮%, বিনা ৯৯.৬৯%, বিএসআরআই ৯৮.৬৭%, বিআরআরআই ৯৯.৫৫%, এআইএস ৯৯.৭৪%, এলজিইডি ৯৯.৬৬%, সিডিবি ৯৯.৪২%, বীজ প্রত্যয়ন এজেন্সী ৯৮.৭৩%, বারটান ৯৯.৮৪% এবং অন্যান্য ৯৮.২৫%।

২.৩ সভায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিশ্রুতি প্রকল্প নিয়ে নিম্নরূপ আলোচনা হয়।

| ক্রঃ নং | প্রকল্পের নাম | আরএডিপি বরাদ্দ | অগ্রগতি আর্থিক % | অগ্রগতি বাস্তব | আলোচনা |
|---|---|---|---|---|---|
| ১। | **কুড়িগ্রাম সমন্বিত বীজ হিমাগার স্থাপন প্রকল্প [(লিড এজেন্সী বিএডিসি) (জুলাই/১১-জুন/১৪)]** | ২৩২৩.০০ | ২৩০০.০০ (৯৯%) | ১০০% | পাবলিক প্রাইভেট পার্টনারশীপ(পিপিপি) এর আওতায় আধুনিক প্রযুক্তির ভিন্ন ভিন্ন |

| ক্রঃ নং | প্রকল্পের নাম | আরএডিপি বরাদ্দ | অগ্রগতি | | আলোচনা |
|---|---|---|---|---|---|
| | | | আর্থিক % | বাস্তব | |
| | | | | | তাপমাত্রার প্রকোষ্ঠবিশিষ্ট হিমাগার নির্মাণের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার জন্য সভায় নির্দেশ প্রদান করা হয়। |
| ২। | **এস্টাব্লিশমেন্ট অব কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ কমপ্লেক্স [(২য় সংশোধিত) (ডিএই) (মার্চ/১০-জুন/১৪)]** | ৪৫৫৮.০০ | ৪৪৬৯.৭১ (৯৮%) | ১০০% | প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে সভায় জানানো হয় যে কর্মপরিকল্পনা অনুযায়ী কমপ্লেক্সের সকল নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। প্রসঙ্গক্রমে সভায় জানানো হয় যে, এগ্রোপ্রসেসিং এর ক্ষেত্রে লাগসই ও টেকসই প্রযুক্তি উদ্ভাবনের জন্য গবেষণা কার্যক্রম জোরদার করতে হবে। |

২.৪ সভায় জানানো হয় যে, ২০১৩-১৪ অর্থবছরের আরএডিপি বরাদ্দ অনুযায়ী বাস্তবায়নাধীন ৮১টি প্রকল্পের মধ্যে ১৯টি বৃহৎ প্রকল্পের (আরএডিপি বরাদ্দ ২৫.০০ কোটি টাকার উর্ধ্বে) অনুকূলে ৮৬৬.৮২ কোটি টাকা বরাদ্দ রয়েছে যা মোট আরএডিপি বরাদ্দের ৬৫%। ১৯টি প্রকল্পের অনুকূলে জুন, ২০১৪ পর্যন্ত ব্যয় হয়েছে ৮৬০.৫০ কোটি টাকা যা ঐ ১৯টি প্রকল্পের মোট বরাদ্দের ৯৯%। বৃহৎ প্রকল্পসমূহ নিয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় যে,**"ইন্টিগ্রেটেড এগ্রিকালচারাল প্রোডাক্টিভিটি প্রজেক্ট"** এর অনুকূলে আরএডিপিতে মোট ৮৯৬৬.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে এবং এর মধ্যে ব্যয় হয়েছে ৮৯১৫.৮২ লক্ষ টাকা যা বরাদ্দের ৯৯%। প্রকল্পটির ৬টি অংগের মধ্যে ডিএই অংগে বরাদ্দ প্রদান করা হয়েছে ৩৪০০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৩৩৯৭.০৮ লক্ষ টাকা (১০০%), ব্রি অংগে বরাদ্দ প্রদান করা হয়েছে ৩৭০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৩৬৯.৭৪ লক্ষ টাকা (১০০%), বারি অংগে বরাদ্দ প্রদান করা হয়েছে ৩৪৮.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৩৪৮.০০ লক্ষ টাকা (১০০%), বিএডিসি অংগে বরাদ্দ প্রদান করা হয়েছে ২৫৬০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ২৫৩৪.৬৬ লক্ষ টাকা (৯৯%), এসসিএ অংগে বরাদ্দ প্রদান করা হয়েছে ১৫৮.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ১৫৫.৯৩ লক্ষ টাকা (৯৯%) এবং কৃষি মন্ত্রণালয় অংগে বরাদ্দ প্রদান করা হয়েছে ২১৩০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ২১১০.৪১ লক্ষ টাকা (৯৯%) । বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্প হিসেবে আলোচ্য প্রকল্পের আরএডিপি বাস্তবায়ন অগ্রগতিতে সভায় সন্তোষ প্রকাশ করা হয়।সভায় প্রকল্পের শুরু থেকে জুন'১৪ সময়ের সার্বিক অগ্রগতি ভিডিও চিত্রের মাধ্যমে সভায় উপস্থাপন করা হয়। প্রসঙ্গক্রমে সভায় দক্ষিণাঞ্চলের লবণাক্ত প্রবণ এলাকায় একুয়াটিক মাইমোসা সম্প্রসাণের লক্ষ্যে সম্ভব্যতা যাচাইয়ের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণের পরামর্শ প্রদান করা হয়।

২.৫ **"মুজিব নগর সমন্বিত কৃষি উন্নয়ন (১ম সংশোধিত)"** এর অনুকূলে মোট ২৫৭৫.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে এবং এর মধ্যে ব্যয় হয়েছে ২৫৭৩.৩৭ লক্ষ টাকা যা বরাদ্দের ১০০%। প্রকল্পটির ৫টি অংগের মধ্যে বিএডিসি অংগে বরাদ্দ প্রদান করা হয়েছে ১৬০০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ১৫৯৯.৩৬ লক্ষ টাকা (১০০%), ডিএই অংগে বরাদ্দ প্রদান করা হয়েছে ৩৫০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৩৪৯.৮৩ লক্ষ টাকা (১০০%), বারি অংগে বরাদ্দ প্রদান করা হয়েছে ১০৪.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ১০৪.০০ লক্ষ টাকা (১০০%), ব্রি অংগে বরাদ্দ প্রদান করা হয়েছে ১৫০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ১৪৯.২৮ লক্ষ টাকা (১০০%) ও ডিএএম অংগে বরাদ্দ প্রদান করা হয়েছে ৩৭১.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৩৭০.৯০ লক্ষ টাকা (১০০%)। প্রকল্পের সর্বশেষ অগ্রগতির তথ্য ভিডিও চিত্রের মাধ্যমে সভায় উপস্থাপন করা হয়। প্রসঙ্গক্রমে সভায় খেসারীর চাষ সম্প্রসারণ ও উৎপাদন বৃদ্ধির জন্য লবণাক্ততা সহিষ্ণু ও স্বল্পমেয়াদী জাত উদ্ভাবনের লক্ষ্যে গবেষণা কার্যক্রম জোরদার করা এবং মাসকলাইয়ের চাষ সম্পাসরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা জন্য নিদের্শনা প্রদান করা হয়। **"ধান, গম, ভুট্টার উন্নততন বীজ উৎপাদন ও উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)"** এর অনুকূলে মোট ৩০৬৯.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে এবং এর মধ্যে ব্যয় হয়েছে ৩০৬৮.৯৯ লক্ষ টাকা যা বরাদ্দের ১০০%। প্রকল্পটির ২টি অংগের মধ্যে বিএডিসি অংগে বরাদ্দ প্রদান করা হয়েছে ২৬২৫.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ২৬২৪.৯৯ লক্ষ টাকা (১০০%), বারি অংগে বরাদ্দ প্রদান করা হয়েছে ৪৪৪.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৪৪৪.০০ লক্ষ টাকা (১০০%)। সভায় জানানো হয় যে, প্রকল্পটি ৩০ জুন'১৪ তারিখে প্রকল্পটি সমাপ্ত হয়েছে। প্রসঙ্গক্রমে সভায় আগস্ট মাসের ২য় সপ্তাহের মধ্যে সমাপ্ত প্রকল্পসমূহের প্রকল্প সমাপ্তি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য সভায় নির্দেশ প্রদান করা হয়। **"সমন্বিত মান সম্পন্ন উদ্যান উন্নয়ন প্রকল্প-২য় পর্যায় (১ম সংশোধিত)"** এর অনুকূলে মোট ৪৯৬০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে এবং এর মধ্যে ব্যয় হয়েছে ৪৯৩৬.৫৪ লক্ষ টাকা যা বরাদ্দের ৯৯.৫২%। প্রকল্পটির ৪টি অংগের মধ্যে এর ডিএই অংগে বরাদ্দ প্রদান করা হয়েছে ২৬০০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ২৫৮১.৮২ লক্ষ টাকা (৯৯%), বারি অংগে বরাদ্দ প্রদান করা হয়েছে ১২০০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ১২০০.০০

লক্ষ টাকা (১০০%), ডিএএম অংগে বরাদ্দ প্রদান করা হয়েছে ৬০০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৫৯৮.৫৭ লক্ষ টাকা (১০০%) এবং বিএডিসি অংগে বরাদ্দ প্রদান করা হয়েছে ৫৬০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৫৫৬.১৫ লক্ষ টাকা (১০০%)।

২.৬ **"কন্দাল ফসল উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)"** শীর্ষক প্রকল্পের অনুকূলে মোট ৩৪২৮.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৩৩৯৯.৯৫ লক্ষ টাকা যা বরাদ্দের ৯৯%। প্রকল্পটির ৩টি অংগের মধ্যে বিএডিসি অংগে বরাদ্দ প্রদান করা হয়েছে ২৭২৮.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ২৭০০.০০ লক্ষ টাকা (১০০%), ডিএই অংগে বরাদ্দ প্রদান করা হয়েছে ১৫০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ১৪৯.৯৫ লক্ষ টাকা (১০০%) ও বারি অংগে বরাদ্দ প্রদান করা হয়েছে ৫৫০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৫৫০.০০ লক্ষ টাকা (১০০%)। প্রসঙ্গক্রমে সভায় মাদ্রাজী ওল চাষে কৃষকদের উদ্বুদ্ধ করার জন্য পরামর্শ প্রদান করা হয়। **"মান সম্পন্ন বীজ সরবরাহ বৃদ্ধিকরণ প্রকল্প (২য় সংশোধিত)"** শীর্ষক প্রকল্পের অনুকূলে মোট ৭০২১.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৬৯০৫.১৮ লক্ষ টাকা যা বরাদ্দের ৯৮%। প্রকল্পটির ৩টি অংগের মধ্যে বিএডিসি অংগে বরাদ্দ প্রদান করা হয়েছে ৩৬১৪.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৩৬১৪.০০ লক্ষ টাকা (১০০%), বারি অংগে বরাদ্দ প্রদান করা হয়েছে ১৪১৯.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ১৩১২.৮৯ লক্ষ টাকা (৯৩%) এবং ব্রি অংগে বরাদ্দ প্রদান করা হয়েছে ১৯৮৮.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ১৯৭৮.২৯ লক্ষ টাকা (১০০%)। সভায় জানানো হয় যে, প্রকল্পটি চালু হওয়ার পর থেকে প্রথমবারের মত আরএডিপি বরাদ্দের ৯৮% বাস্তবায়িত হয়েছে। **"ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজী প্রজেক্ট-১ম পর্যায় (২য় সংশোধিত)"** শীর্ষক প্রকল্পের অনুকূলে মোট ৯০২৫.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৮৭১২.০৯ লক্ষ টাকা যা বরাদ্দের ৯৭%। প্রকল্পটির ৫টি অংগের মধ্যে পিসিইউ অংগে বরাদ্দ প্রদান করা হয়েছে ৭০৮.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৬৯০.৮৯ লক্ষ টাকা (৯৮%), ডিএই অংগে বরাদ্দ প্রদান করা হয়েছে ১৭৬১.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ১৬৭২.০০ লক্ষ টাকা (৯৫%), বিএআরসি অংগে বরাদ্দ প্রদান করা হয়েছে ৪৩৭২.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৪২১৭.৮০ লক্ষ টাকা (৯৬%), কেজিএফ অংগে বরাদ্দ প্রদান করা হয়েছে ১১৪৪.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ১১২১.৪০ লক্ষ টাকা (৯৮%) এবং হর্টেক্স অংগে বরাদ্দ প্রদান করা হয়েছে ১০৪০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ১০১০.০০ লক্ষ টাকা (৯৭%)। **"খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও মাঝারী নদীতে রাবার ড্যাম নির্মাণ"** প্রকল্পের অনুকূলে মোট ৪৪৮০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৪৪৫৪.৩৩ লক্ষ টাকা যা বরাদ্দের (৯৯%)। প্রকল্পটির ৩টি অংগের মধ্যে ডিএই অংগে বরাদ্দ প্রদান করা হয়েছে ১৫০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ১৪৭.৭২ লক্ষ টাকা (৯৮%), এলজিইডি অংগে বরাদ্দ প্রদান করা হয়েছে ৩০০০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ২৯৮৪.৩২ লক্ষ টাকা (৯৯%) এবং বিএডিসি অংগে বরাদ্দ প্রদান করা হয়েছে ১৩৩০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ১৩২২.২৯ লক্ষ টাকা (৯৯%)। সভায় রাবার ড্যামের দীর্ঘস্থায়িত্ব বজায় রাখা ও কার্যকারী ব্যবহার নিশ্চিত করার জন্য সময়মতো বালু অপসারণের জন্য পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস) কে উদ্বুদ্ধ করার জন্য নির্দেশ প্রদান করা হয়। এ ক্ষেত্রে কোন ব্যত্যয় ঘটলে ডিএই, বিএডিসি ও এলজিইডির সংশ্লিষ্ট কর্মকর্তাদের দায়দায়িত্ব বহন করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

২.৭ **"কৃষিপন্য বাজারজাতকরণ ও গ্রামীন যোগাযোগ উন্নয়ন প্রকল্প"** এর অনুকূলে আরএডিপিতে বরাদ্দ প্রদান করা হয়েছে ৫৫০০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৫৪৯৯.০০ লক্ষ টাকা (১০০%)। **"পঞ্চগড়, ঠাকুরগাঁও, দিনাজপুর এবং জয়পুরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প"** এর অনুকূলে আরএডিপিতে মোট ৪০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৩৯৯৯.৬০ লক্ষ টাকা যা বরাদ্দের ১০০%। **"গভীর নলকূপ স্থাপন প্রকল্প (২য় পর্যায়)"** এর অনুকূলে আরএডিপিতে মোট ৩০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে এবং ব্যয় হয়েছে ২৯৯৮.৯৫ লক্ষ টাকা যা বরাদ্দের ১০০%। **"বরেন্দ্র বৃষ্টির পানি সংরক্ষণ ও সেচ প্রকল্প (২য় পর্যায়) (১ম সংশোধিত)"** অনুকূলে আরএডিপিতে মোট ৩০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে এবং ব্যয় হয়েছে ২৯৯৯.৬৫ লক্ষ টাকা যা বরাদ্দের ১০০%। **"সমন্বিত খামার ব্যবস্থাপনা অঙ্গ, কৃষি উৎপাদন ও কর্মসংস্থান কর্মসূচি"** এর অনুকূলে আরএডিপিতে মোট ২৩১০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে এবং ব্যয় হয়েছে ২২৬৫.৭৪ লক্ষ টাকা যা বরাদ্দের ৯৮%। **" উপজেলা পর্যায়ে প্রযুক্তি হস্তান্তরের জন্য কৃষক প্রশিক্ষণ প্রকল্প (২য় পর্যায়)-২য় সংশোধিত"** প্রকল্পের অনুকূলে মোট ৪৯৫৩.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৪৯৩৯.৪৩ লক্ষ টাকা যা বরাদ্দের ১০০%।

২.৮ **"দ্বিতীয় শস্য বহুমুখীকরণ প্রকল্প (১ম সংশোধিত)"** এর অনুকূলে আরএডিপিতে মোট ৫০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৪৯৯৯.২২ লক্ষ টাকা যা বরাদ্দের ১০০%। **"দক্ষিণ উপকূলীয় অঞ্চলে (বরিশাল ও পটুয়াখালী) বীজ বর্ধন খামার স্থাপন"** শীর্ষক প্রকল্পের অনুকূলে মোট ৩০২৪.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৩০২০.০০ লক্ষ টাকা যা বরাদ্দের ১০০%। **"ডাল ও তৈল বীজ (২য়) পর্যায়) (১ম সংশোধিত)"** শীর্ষক

প্রকল্পের অনুকূলে মোট ২৯৭৪.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে এবং ব্যয় হয়েছে ২৯৭৩.২৫ লক্ষ টাকা যা বরাদ্দের ১০০%। **“বিনার গবেষণা কার্যক্রম শক্তিশালীকরণ এবং উপকেন্দ্রসমূহের উন্নয়ন ”** শীর্ষক প্রকল্পের অনুকূলে মোট ৩২০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৩১৮৪.০০ লক্ষ টাকা যা বরাদ্দের ১০০%। সভায় জানানো হয় যে, বিনার উপকেন্দ্রগুলোতে প্রয়োজনীয় জনবল নিয়োগের বিষয়টি প্রক্রিয়াধীন আছে।

২.৯ এ পর্যায়ে সভায় জানানো হয় যে, ৯৮% এর নীচে অগ্রগতি হয়েছে এমন প্রকল্প সমূহকে মন্থরগতি সম্পন্ন প্রকল্প হিসেবে চিহ্নিত করা হয়েছে এরুপ ৭টি প্রকল্প/অংগ প্রকল্পের অনুকূলে আরএডিপিতে মোট ১১০.৮১ কোটি টাকা বরাদ্দ রয়েছে যা মোট আরএডিপি বরাদ্দের ৮%। ৭টি প্রকল্প/অংগ প্রকল্পের অনুকূলে জুন, ২০১৪ পর্যন্ত ব্যয় হয়েছে ১০৫.১০ কোটি টাকা যা ঐ ৭টি প্রকল্পের মোট বরাদ্দের ৯৫%। **“পিরোজপুর-গোপালগঞ্জ বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প”** এর পিআইইউ অংগের অনুকূলে মোট বরাদ্দ প্রদান করা হয়েছে ১৩৩.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ১২৮.৬৬ লক্ষ টাকা যা বরাদ্দের ৯৭%। প্রকল্পের এ অংগের অগ্রগতি কম হওয়ার কারণ জানতে চাইলে সভায় জানানো হয় যে, গাড়ি ক্রয়ে কিছু অর্থ সাশ্রয় হওয়ায় আর্থিক অগ্রগতি কম হলেও কর্ম পরিকল্পনা অনুযায়ী শতভাগ বাস্তবায়িত হয়েছে। **“ধান ফসলের ফলন পার্থক্য কমানো প্রকল্প”** এর এসআরডিআই অংগের অনুকূলে মোট বরাদ্দ প্রদান করা হয়েছে ৮.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৭.৭৫ লক্ষ টাকা যা বরাদ্দের ৯৭%। **“এনহেন্সিং ফুড সিকিউরিটি থ্রু ইমপ্রুভড ক্রপ ওয়াটার ম্যানেজমেন্ট ইন দ্যা সাউদার্ন কোস্টাল এরিয়া অব বাংলাদেশ”** এর অনুকূলে মোট বরাদ্দ প্রদান করা হয়েছে ১৮০০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ১৬৪৫.০০ লক্ষ টাকা যা বরাদ্দের ৯১%। প্রকল্পের অগ্রগতি কম হওয়ার কারণ জানতে চাইলে সভায় জানানো হয় যে, প্রকল্পটি এফএও কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। কিছু নির্মাণ কাজ না হওয়ায় কাঙ্খিত অগ্রগতি অর্জিত হয়নি। প্রকল্পটি যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয়ের নেতৃত্বে এফএও এবং সংশ্লিষ্ট অন্যান্যদের নিয়ে দ্রুত একটি সভা করার বিষয়ে সভায় নির্দেশনা দেয়া হয়। **“ন্যাশনাল এগ্রিকালচার টেকনোলজী প্রজেক্ট –২য় সংশোধিত ”** এর বিএআরসি অংগের অনুকূলে মোট বরাদ্দ প্রদান করা হয়েছে ৪৩৭২.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৪২১৭.৮০ লক্ষ টাকা যা বরাদ্দের ৯৬% এবং হর্টেক্স অংগের অনুকূলে মোট বরাদ্দ প্রদান করা হয়েছে ১০৪০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ১০১০.০০ লক্ষ টাকা যা বরাদ্দের ৯৭%। গবেষণা প্রতিষ্ঠানগুলোতে অর্থায়নের বিষয়ে জাতীয় কৃষি গবেষণা সিস্টেম সমন্বয়ের দায়িত্ব পালন করবে মর্মে সভায় একমত পোষণ করা হয়। **“মান সম্পন্ন বীজ সরবরাহ বৃদ্ধিকরণ প্রকল্প (২য় সংশোধিত) ”** প্রকল্পের বারি অংগের অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়েছে ১৪১৯.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ১৩১২.৮৯ লক্ষ টাকা যা বরাদ্দের ৯৩%। প্রকল্পের এ অংগের অগ্রগতি কম হওয়ার কারণ জানতে চাইলে সভায় জানানো হয় যে, ক্রয় প্রক্রিয়াকরণে কিছুটা জটিলতা সৃষ্টি হওয়ায় যথাসময়ে বিল পরিশোধ করতে না পারায় কাঙ্খিত অগ্রগতি অর্জন করা সম্ভব হয়নি। **“বৃহত্তর ময়মনসিংহ-টাংগাইল সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প [(২য় পর্যায়) (১ম সংশোধিত)]”** এর অনুকূলে মোট বরাদ্দ প্রদান করা হয়েছে ৪১৮.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৩৯৪.৮৭ লক্ষ টাকা যা বরাদ্দের ৯৪%। প্রকল্পের অগ্রগতি কম হওয়ার কারণ জানতে চাইলে সভায় জানানো হয় যে, সরবরাহ সেবা খাতে অর্থ সাশ্রয় হওয়ায় আর্থিক অগ্রগতি কম হলেও প্রকল্পের সমুদয় কাজ সম্পন্ন হয়েছে।**“বাংলাদেশ সুগারবিট চাষাবাদ প্রযুক্তি উন্নয়নের জন্য পাইলট প্রকল্প”** এর অনুকূলে মোট বরাদ্দ প্রদান করা হয়েছে ১৩০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ১২১.৫০ লক্ষ টাকা যা বরাদ্দের ৯৩%। প্রকল্পের অগ্রগতি কম হওয়ার কারণ জানতে চাইলে সভায় অবহিত করা হয় যে, বৈদেশিক সফরে অর্থসাশ্রয় হওয়ায় আরএডিপি'র শতভাগ ব্যয় করা সম্ভব হয়নি।

২.১০ সভায় ২০১৩-১৪ অর্থ বছরের দরপত্র পর্যালোচনা প্রসংগে জানানো হয় যে, ২০১৩-১৪ অর্থ বছরে আরএডিপিভুক্ত অনুমোদিত প্রকল্পসমূহের জন্য জুন, ১৪ পর্যন্ত ৫৫৭টি দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। লক্ষ্যমাত্রার বিপরীতে জুন, ২০১৪ পর্যন্ত ৫৫৬টি (৯৯.৮২%) দরপত্র আহ্বান করা হয়েছে যার মধ্যে মোট ৫৫২টির কার্যাদেশ প্রদান করা হয়েছে যা মোট দরপত্রের লক্ষ্যমাত্রার ৯৯%।

৩। **আলোচ্য বিষয়-৩ঃ** ২৮/০৫/২০১৪ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি আলোচনা।

গত ২৯/০৬/২০১৪ তারিখে অনুষ্ঠিত মে, ২০১৪ সময়ের আরএডিপি পর্যালোচনা সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হয় ।

৪। **আলোচ্য বিষয়-৪ঃ** রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচিসমূহ পর্যালোচনা

২০১৩-১৪ অর্থ বছরে ১০৬টি কর্মসূচির অনুকূলে ২৫.৯৯ কোটি টাকা বরাদ্দ রয়েছে। জুন, ২০১৪ পর্যন্ত অবমুক্ত করা হয়েছে ৩২৫.৮৫ কোটি টাকা যা বরাদ্দের ৯৯.৯৫% এবং ব্যয় হয়েছে ৩১৮.৯৬ কোটি টাকা যা বরাদ্দের ৯৭.৮৮%। সভায় রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন ত্বরান্বিত করে যথাসময়ে কর্মসূচীসমূহের কার্যক্রম সমাপ্ত করার পরামর্শ প্রদান করা হয়।

৫। আলোচ্য বিষয়-৫ঃ বিবিধ

বিবিধ আলোচনাকালে সভায় জানানো হয় যে, ধান ফসলের পরিচর্যা সহজতর করার লক্ষ্যে ড্রাম সিডার ব্যবহারের মাধ্যমে সারিবদ্ধভাবে ও সরাসরি বীজ বপন করার বিষয়ে কৃষকদেরকে উৎসাহিত করতে হবে। এ বিষয়টি বাংলার কৃষি অনুষ্ঠানের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সভায় আরও জানানো হয় যে, ২০১৪-১৫ অর্থ বছরের ক্রয় প্রক্রিয়া যথাযথভাবে ও যথাসময়ে সম্পাদনের লক্ষ্যে সেপ্টেম্বর,১৪ এর মধ্যে যাবতীয় দরপত্র আহবান করে দ্রুত টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

৬। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৬.১ | (ক) ২০১৪-১৫ অর্থ বছরের ক্রয় প্রক্রিয়া যথাযথভাবে ও যথাসময়ে সম্পাদনের লক্ষ্যে সেপ্টেম্বর,১৪ এর মধ্যে যাবতীয় দরপত্র আহবান করে দ্রুত টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।<br>(খ) ২০১৩-১৪ অর্থবছরে সমাপ্ত প্রকল্পসমূহের প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) আগস্ট'১৪ মাসের ২য় সপ্তাহের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সকল সংস্থা |
| ৬.২ | ধান ফসলের পরিচর্যা সহজতর করার লক্ষ্যে ড্রাম সিডার ব্যবহারের মাধ্যমে সারিবদ্ধভাবে ও সরাসরি বীজ বপন করার বিষয়ে কৃষকদেরকে উৎসাহিত করতে হবে। এ বিষয়টি বাংলার কৃষি অনুষ্ঠানের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ডিএই ও এআইএস |
| ৬.৩ | রাবার ড্যামের দীর্ঘস্থায়িত্ব বজায় রাখা ও কার্যকারী ব্যবহার নিশ্চিত করার জন্য সময়মতো বালু অপসারণের জন্য পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস) কে উদ্বুদ্ধ করতে হবে। এ ক্ষেত্রে কোন ব্যত্যয় ঘটলে ডিএই, বিএডিসি ও এলজিইডির সংশ্লিষ্ট কর্মকর্তাদের দায়দায়িত্ব বহন করতে হবে। | ডিএই, বিএডিসি ও এলজিইডি |
| ৬.৪ | (ক) খেসারীর চাষ সম্প্রসারণ ও উৎপাদন বৃদ্ধির জন্য লবণাক্ততা সহিষ্ণু ও স্বল্পমেয়াদী জাত উদ্ভাবনের লক্ষ্যে গবেষণা কার্যক্রম জোরদার করতে হবে।<br>(খ) মাসকলাইয়ের চাষ সম্প্রসারণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ডিএই, বারি ও বিনা |
| ৬.৫ | এগ্রোপ্রসেসিং এর ক্ষেত্রে লাগসই ও টেকসই প্রযুক্তি উদ্ভাবনের জন্য গবেষণা কার্যক্রম জোরদার করতে হবে । | বারি |
| ৬.৬ | পাবলিক প্রাইভেট পার্টনারশীপ(পিপিপি) এর আওতায় আধুনিক প্রযুক্তির ভিন্ন ভিন্ন তাপমাত্রার প্রকোষ্ঠবিশিষ্ট হিমাগার নির্মাণের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | বিএডিসি |
| ৬.৭ | "এনহেন্সিং ফুড সিকিউরিটি থ্রু ইমপ্রুভড ক্রপ ওয়াটার ম্যানেজমেন্ট ইন দ্যা সাউদার্ন কোস্টাল এরিয়া অব বাংলাদেশ" প্রকল্পটি যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয়ের নেতৃত্বে এফএও এবং সংশ্লিষ্ট অন্যান্যদের নিয়ে দ্রুত একটি সভা আহবান করতে হবে। | ডিএই |

৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মতিয়া চৌধুরী
২৩.৮.২০১৪

মতিয়া চৌধুরী, এম.পি
মন্ত্রী
কৃষি মন্ত্রণালয়

বিষয়ঃ ২০১৩-১৪ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীভূক্ত প্রকল্পসমূহের জুন, ২০১৪ সময়ে বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকঃ-

| ক্রমিক নং | নাম | পদবী ও ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি | চেয়ারম্যান, বিএডিসি | 29-7-14 |
| ০২ | ড. মোঃ কামাল উদ্দিন | নির্বাহী চেয়ারম্যান (অঃদাঃ) বিএআরসি [illegible] | 29/07/14 |
| ০৩ | মো: আবদুল হান্নান | মহাপরিচালক, ডিএই | |
| ০৪ | আহসান কবির | নির্বাহী পরিচালক বিএমডিএ | |
| ০৫ | ড. মো: রফিকুল ইসলাম মন্ডল | মহাপরিচালক, বিএআরআই | 27.7.14 |
| ০৬ | জীবন কৃষ্ণ বিশ্বাস | মহাপরিচালক (চ:দা:) বীজ | 27/7/14 |
| ০৭ | ড: [illegible] | মহাপরিচালক, বিএসআরআই | 27/7/14 |
| ০৮ | মো: আবদুল মতিন | নির্বাহী পরিচালক বিজেআরআই | 29/7/14 |
| ০৯ | ড. [illegible] | মহাপরিচালক, বি.আই.এন.এ. | 29.7.14 |
| ১০ | মো: মাহবুব আহমেদ | পরিচালক ডাম | 29.7.14 |
| ১১ | ড. মো: সোলায়মান [illegible] | পরিচালক | 29/7/14 |
| ১২ | সৈয়দ মোহাম্মদ [illegible] | পরিচালক | 29.7.14 |
| ১৩ | মোহাম্মদ [illegible] | পরিচালক এসআরডিআই | 29.7.14 |
| ১৪ | গিয়াসউদ্দিন আহমেদ | পরিচালক, পরি, পূ: বাস্ত ও অর্থ [illegible] উইং | 29/07/2014 |
| ১৫ | মো: [illegible] | প্রকল্প পরিচালক, [illegible] | 29/07/14 |
| ১৬ | মেসবাহ উদ্দিন [illegible] | প্রকল্প পরিচালক [illegible] 22 জেলা [illegible] | 29/7/2014 |
| ১৭ | ড. মো: নুরুল আলম, | নির্বাহী পরিচালক, KGF | |
| ১৮ | ড. মো: [illegible] | [illegible] | 29/7/14 |
| ১৯ | মিজানুর রহমান | প্রকল্প পরিচালক [illegible] | 29/7 |
| ২০ | মো: মহসিন | [illegible] | 29/7/14 |
| ২১ | ড. মো: [illegible] | পরিচালক, [illegible] | 29/7/14 |
| ২২ | মোহাম্মদ [illegible] | প্রকল্প পরিচালক [illegible] বিএডিসি, | 29/7/14 |
| ২৩ | মু: মুনিরুল ইসলাম | প্রধান পরিকল্পনা কর্মকর্তা, ব্রি গাজীপুর। | 29/7/14 |

| ক্রমিক নং | নাম | পদবী ও ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ২৪ | ড. [illegible] | P.D. EQSS (BRRI-part) | 27/7/14 |
| ২৫ | মো: নুরুল ইসলাম [illegible] | M&E Expert, SCDC, NATP, Hortex Foundation | N. Islam |
| ২৬ | ড. মো: [illegible] | Director - PIU-NATP BARC | |
| ২৭ | মো: [illegible] | STO, Seed Certification Agency | |
| ২৮ | মো: [illegible] | PD, SRSD, BINA | 27.7.14 |
| ২৯ | ড. মো: [illegible] | PM(SCA-Subcomponent) IAPP, SCA Gazipur | 27/7/18 |
| ৩০ | ড. মো: আবুল [illegible] | PD, KIB Complex Project | 27/7/14 |
| ৩১ | মো: আনোয়ারুল [illegible] | SHEO, SCDP, DAE [illegible] | 27/7/18 |
| ৩২ | মো: [illegible] | Focal Point, DAE, [illegible] | [illegible] |
| ৩৩ | ড. মো: [illegible] | [illegible], BRRI | 27/7/18 |
| ৩৪ | শেখ মো: [illegible] | প্রকল্প পরিচালক, [illegible] | 27/7/18 |
| ৩৫ | মো: [illegible] | [illegible] | 27/7/18 |
| ৩৬ | ড. মো: আবদুল [illegible] | পিডি, [illegible] | 27/7/18 |
| ৩৭ | [illegible] | প্রকল্প পরিচালক, [illegible] | [illegible] |
| ৩৮ | মো: [illegible] | [illegible] | 27/7/18 |
| ৩৯ | [illegible] | প্রকল্প পরিচালক, IQHDP, DAE | 27/7/18 |
| ৪০ | মো: [illegible] | PD, IFMC, DAE | |
| ৪১ | মো: [illegible] রহমান | প্রধান প্রকৌ: [illegible], ঢাকা | 27/7/18 |
| ৪২ | মো: [illegible] হোসেন প্রজেক্ট কো-অর্ডিনেটর | প্রজেক্ট কো-অর্ডিনেটর, [illegible] | 27/7/18 |
| ৪৩ | মো: [illegible] Project coordinator, IAPP | Project coordinator, IAPP | |
| ৪৪ | মো: [illegible] | PD, RUBBER DAM PROJECT BADC | 27/7/18 |
| ৪৫ | [illegible] | PD, IQHDP-2nd Phase, DAM Component | |
| ৪৬ | [illegible] হোসেন | DPD/MIADP/DAM | |
| ৪৭ | ড. [illegible] | DPD, MIADP, BARI | |
| ৪৮ | ড. এম. এম. [illegible] | DPD, [illegible] BARI | |

| ক্রমিক নং | নাম | পদবী ও ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ৪৯ | মো: গোলাম মাসুদ | উপ-প্রকল্প পরিচালক, মুজিবনগর [illegible] উন্নয়ন প্রকল্প | [illegible] |
| ৫০ | অঞ্জন কুমার ভূঞা | প্রকল্প পরিচালক, [illegible] | [illegible] |
| ৫১ | ড. [illegible] মন্ডল | প্রকল্প পরিচালক, [illegible] | [illegible] |
| ৫২ | [illegible] | [illegible] | [illegible] |
| ৫৩ | মুহাম্মদ [illegible] | প্রকল্প পরিচালক, [illegible], কৃষি ভবন, ঢাকা | 29/7/2018 |
| ৫৪ | ড. [illegible] | প্রকল্প পরিচালক, বিএডিসি, ঢাকা | [illegible] |
| ৫৫ | সেলিনা বেগম | প্রকল্প মনিটরিং কর্মকর্তা, বান্দরবান পুর ও [illegible] | 29/7/18 |
| ৫৬ | আশুতোষ লাহিড়ী | প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), [illegible] | 29/7/18 |
| ৫৭ | মো: [illegible] | [illegible], বিএডিসি, [illegible] | 29/7/18 |
| ৫৮ | মো: [illegible] ইসলাম | [illegible] (উত্তর), বিএডিসি | 29/7/18 |
| ৫৯ | শিবলী নাসের | প্রকল্প পরিচালক - BIRTAN | 29/7/18 |
| ৬০ | মো: [illegible] | প্রকল্প পরিচালক, [illegible] | 29/7/18 |
| ৬১ | মো: [illegible] | [illegible] | [illegible] |
| ৬২ | মো: [illegible] | [illegible], বিএডিসি | [illegible] |
| ৬৩ | [illegible] | [illegible] | 29-7-18 |
| ৬৪ | মো: [illegible] হোসেন | [illegible] | 29.7.18 |
| ৬৫ | মো: মোফাজ্জল হোসেন | উপ-পরিচালক, বিএডিসি | 29/7/18 |
| ৬৬ | জাহানারা পারভীন | অতিরিক্ত সচিব ([illegible]), কৃষি মন্ত্রণালয় | 29/07/2018 |
| ৬৭ | সৈয়দ আলী [illegible] | অতিরিক্ত সচিব, কৃষি মন্ত্রণালয় | 29/7 |
| ৬৮ | [illegible] | " " | 29/7 |
| ৬৯ | [illegible] | " " | 29/7/2018 |
| ৭০ | আনোয়ার [illegible] | [illegible] | 29.7.18 |
| ৭১ | [illegible] | [illegible] | 29.7.18 |
| ৭২ | মো: [illegible] আলী | [illegible] | [illegible] |
| ৭৩ | মো: [illegible] | [illegible] | 29/7/18 |

| ক্রমিক নং | নাম | পদবী ও ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ৭৪ | ড. নিরদ চন্দ্র সরকার | অতিরিক্ত পরিচালক, সমন্বিত উদ্ভিদ পুষ্টি, ডি.এ.ই, সদর, ঢাকা | [illegible] |
| ৭৫ | আমীর আহমেদ | টেকনি. কো-অর্ডিনেটর, উপজেলা পর্যায়ে প্রযুক্তি হস্তান্তরের জন্য কৃষক প্রশিক্ষণ (২য় পর্যায়) প্রকল্প | [illegible] |
| ৭৬ | মোঃ এনামুল হক | প্রকল্প ব্যবস্থাপক, এএসএসএসথারবিপি এলজিইডি ৭/৪ [illegible] ঢাকা। | [illegible] ২৯/৭/১৪ |
| ৭৭ | ড. [illegible] | [illegible] | [illegible] ৭/১৪ |
| ৭৮ | অধ্যাপক মোঃ আবুল কালাম আজাদ | প্রকল্প পরিচালক, রাবার ড্যাম, এলজিইডি। | [illegible] ২৯/৭/১৪ |
| ৭৯ | চিন্ময় কান্তি হালদার | [illegible] | [illegible] ২৯/০৭/১৪ |
| ৮০ | মোঃ [illegible] | [illegible] কার্যালয়, [illegible] | [illegible] ২৯/০৭/২০১৪ |
| ৮১ | [illegible] | [illegible] | [illegible] ২৯/৭/১৪ |
| ৮২ | কেশব লাল দাস | [illegible] পরিচালক [illegible], ডিএই, খামারবাড়ী | [illegible] ২৯/৭/১৪ |
| ৮৩ | ড. মোঃ [illegible] | [illegible] | [illegible] ২৯/০৭/১৪ |
| ৮৪ | ড. মোঃ আব্দুল [illegible] | [illegible] DAE | [illegible] ২৯/৭/১৪ |
| ৮৫ | | | |
| ৮৬ | | | |
| ৮৭ | | | |
| ৮৮ | | | |
| ৮৯ | | | |
| ৯০ | | | |
| ৯১ | | | |
| ৯২ | | | |
| ৯৩ | | | |
| ৯৪ | | | |
| ৯৫ | | | |
| ৯৬ | | | |
| ৯৭ | | | |
| ৯৮ | | | |